তারিখ ... 24 APR 2017 ...
পৃষ্ঠা ...৬/৭... কলাম ...২......

দৈনিক
ইত্তেফাক

# রায়পুরায় বই দিবসে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ

ইত্তেফাক ডেস্ক

গতকাল রবিবার দেশের বিভিন্নস্থানে ইউনেস্কো ঘোষিত আন্তর্জাতিক বই দিবস উপলক্ষে নানা কর্মসূচি পালন করা হয়েছে। ইত্তেফাক প্রতিনিধি ও সংবাদদাতাদের পাঠানো খবর।

**রায়পুরা (নরসিংদী) সংবাদদাতা জানান,** ইউনেস্কো ঘোষিত আন্তর্জাতিক বই দিবস উপলক্ষে নরসিংদীর রায়পুরায় রবিবার আলোচনা সভা ও শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

রায়পুরা আর কে আর এম উচ্চ বিদ্যালয়, সেরাজনগর এম এ পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, ইসলামপুর উচ্চ বিদ্যালয়, নীলকুটি রাজিউদ্দিন আহমেদ উচ্চ বিদ্যালয়, দৌলতকান্দি উচ্চ বিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন— আর কে আর এম উচ্চ বিদ্যালয়ের অভিভাবক সদস্য অহিদুজ্জামান পলাশ, প্রধান শিক্ষক মোঃ ফজলুল হক ফকির, সহকারী প্রধান শিক্ষক মোঃ নূরুল আলম, সিনিয়র শিক্ষক ইদ্রিছ আলী মুন্সীসহ শিক্ষকগণ।

**মধুখালী (ফরিদপুর) সংবাদদাতা জানান,** গতকাল রবিবার সকালে বিশ্ব বই দিবস উদ্‌যাপন উপলক্ষে মধুখালী পাইলট উচ্চ বিদ্যালয়ে সরকার, সেকায়েপ, উচ্চ মাধ্যমিক বোর্ড এবং বিশ্বসাহিত্য কেন্দ্রের সার্বিক ব্যবস্থাপনা ও সহযোগীতায় পাঠ্যাভ্যাসের গুরুত্ব বিষয়ক আলোচনা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আলী আকবরের সভাপতিত্বে বক্তব্য রাখেন ম্যানেজিং কমিটির সদস্য শাহ্ মো. ফারুক হোসেন, শিক্ষক মামুনুর রশীদ, মো. লিয়াকত হোসেন, ফুলরাজ, এসিটি শিক্ষক মো. এনামুল হক, নোমান হোসেন প্রমুখ। মধুখালী পাইলট উচ্চ বিদ্যালয়ে পাঠ্যভ্যাসের উপর ২৮ শিক্ষার্থীর মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

**মহেশপুর (ঝিনাইদহ) সংবাদদাতা জানান,** গতকাল রবিবার সকালে মহেশপুরের ফতেপুর গাজীরননেছা বালিকা বিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিশ্ব বই দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে র‍্যালি, আলোচনা সভা ও পুরস্কার বিতরণ করা হয়েছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহাবুবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন বিদ্যালয়ের পরিচালনা পরিষদের সভাপতি সাংবাদিক আব্দুর রহমান। মহেশপুর উপজেলার ৬৭টি শিক্ষা প্রতিষ্ঠানে পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে।

**রায়পুরা (নরসিংদী) সংবাদদাতা জানান,** ইউনেস্কো ঘোষিত আন্তর্জাতিক বই দিবস উপলক্ষে নরসিংদীর রায়পুরায় রবিবার আলোচনা সভা ও শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান আয়োজিত অনুষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এর মধ্যে ২৩ জনকে শুভেচ্ছা ও ২২ জনকে অভিনন্দনপত্র দেয়া হয়। আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আরকেআরএম উচ্চ বিদ্যালয়ের অভিভাবক সদস্য অহিদুজ্জামান পলাশ, প্রধান শিক্ষক মোঃ ফজলুল হক ফকির, সহকারী প্রধান শিক্ষক মোঃ নূরুল আলম, সিনিয়র শিক্ষক ইদ্রিছ আলী মুন্সীসহ শিক্ষকগণ।

**মুরাদনগর (কুমিল্লা) সংবাদদাতা জানান,** সেকেন্ডারী এডুকেশান কোয়ালিটি এন্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট এর আওতায় ও ইউনোস্ক ঘোষিত আন্তর্জাতিক বই দিবস উপলক্ষে মুরাদনগর উপজেলার নূরুন্নাহার বালিকা উচ্চ বিদ্যালয়ে রবিবার আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। এ সময় পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচির পুরস্কার বিতরণ করা হয়। বিদ্যালয়ের অডিটরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মুরাদনগর নুরুনাহার বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক এএমএম মজিবুর রহমান। প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. শফিউল আলম তালুকদার। এ সময় উপস্থিত ছিলেন মুরাদনগর কাজী নোমান আহাম্মদ ডিগ্রি কলেজের অধ্যাপক মনিরুজ্জামান, সাংবাদিক আবুল কালাম আজাদ প্রমুখ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এস.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর